

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. তৃতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

আরবী

وَهُوَ عَنِ ابْنِ عَبَّاسِ مُتَّصِلا

বাংলা

১৩৯৯-[১৯] এবং হাদীসটি 'আব্বাস (রাঃ)হতে মুক্তাসিলরূপে বর্ণিত হয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে ইবনু মাজার বর্ণনাটি ইমাম বুখারী (রহঃ) তার সহীহ গ্রন্থে শু'আয়ব (রহঃ)-এর সূত্রে যুহরী থেকে যে হাদীস বর্ণনা করেছেন, তার পরিপন্থী। তাউস (রহঃ) বলেনঃ আমি ইবনু 'আব্বাস (রাঃ)-কে বললাম যে, তারা উল্লেখ করেছেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ

إِغْتَسِلُوْا يَوْمَ الْجُمُعَةِ وَاغْسِلُوْا رُونُسَكُمْ وَإِنْ لَمْ تَكُونُوْا جُنُبًا، وَأَصِيْبُوا مِنَ الطِّينب.

অর্থাৎ তোমরা জুমু'আর দিনে গোসল করো এবং তোমাদের মাথা ধৌত করো যদিও তোমরা নাপাক না হও এবং সুগন্ধি ব্যবহার করো। ইবনু 'আব্বাস (রাঃ) বলেনঃ গোসলের ব্যাপারে বলব, হ্যাঁ, আর সুগন্ধির লাগানো ব্যাপারে বলব আমি জানি না।

এর জবাবে বলা যায় যে, ইবনু মাজার বর্ণনার সানাদে সালিহ ইবনু আবিল আখ্যার, যিনি যুহরী (রহঃ) থেকে বর্ণনা করেছেন। আর যুহরী আবিদ (রহঃ) থেকে বর্ণনা করেছেন, এখানে সালিহ য'ঈফ রাবী।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন